

🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪ : ৫৪

া আরবি মূল আয়াত:

وَ حِيلَ بَينَهُم وَ بَينَ مَا يَشتَهُونَ كَمَا فُعِلَ بِاَشيَاعِهِم مِّن قَبلُ آ اِنَّهُم كَانُوا فِي شَكِّ مُّريبِ ﴿٥٤﴾

আর তাদের ও তারা যা কামনা করত তার মধ্যে অন্তরাল করে দেয়া হবে, যেমন ইতঃপূর্বে তাদের সমগোত্রীয়দের ক্ষেত্রে করা হয়েছিল। নিশ্চয় তারা ছিল বিভ্রান্তিকর সন্দেহে পতিত। — আল-বায়ান

তাদের এবং তাদের কামনা-বাসনার মাঝে রেখে দেয়া হয়েছে এক প্রাচীর। তাদের মতের ও পথের লোকেদের ক্ষেত্রে পূর্বেও এমনটিই করা হয়েছিল। তারা ছিল সংশয়পূর্ণ সন্দেহে পতিত। — তাইসিরুল

তাদের ও তাদের প্রবৃত্তির মাঝে অন্তরাল করা হয়েছে, যেমন পূর্বে করা হয়েছিল তাদের সমপন্থীদের ক্ষেত্রে। তারা ছিল বিভ্রান্তিকর সন্দেহের মধ্যে। — মুজিবুর রহমান

And prevention will be placed between them and what they desire, as was done with their kind before. Indeed, they were in disquieting denial. — Sahih International

- ৫৪. আর তাদের ও তাদের বাসনার মধ্যে অন্তরাল করা হয়েছে(১), যেমন আগে করা হয়েছিল এদের সমপন্থীদের ক্ষেত্রে(২) নিশ্চয় তারা ছিল বিভ্রান্তিকর সন্দেহের মধ্যে।
 - (১) হাসান বসরী বলেন, এর অর্থ, তাদের ও আল্লাহর উপর ঈমানের মাঝে ব্যবধান রেখে দেয়া হয়েছে। [তাবারী] মুজাহিদ বলেন, তাদের ও তারা যে সমস্ত সম্পদ, সন্তানসন্ততি ও দুনিয়ার সামগ্রী কামনা করে সেগুলোর মধ্যে অন্তরায় তৈরী করা হয়েছে। [আত-তাফসীরুস সহীহ]
 - (২) কাতাদাহ বলেন, এর অর্থ, পূর্বেও যারা ঈমান আনেনি, তারা যখন আল্লাহর আযাব নাযিল হতে দেখেছিল তখন ঈমান আনার জন্য ব্যস্ত হয়ে পড়েছিল, কিন্তু তাদের ঈমান তখন আর গ্রহণ করা হয়নি। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৫৪) এদের এবং এদের কামনার মধ্যে অন্তরাল সৃষ্টি করা হয়েছে,[1] যেমন করা হয়েছিল এদের পূর্ববর্তীদের ক্ষেত্রে। [2] ওরা ছিল বিভ্রান্তিকর সন্দেহে সন্দিহান। [3]



- [1] অর্থাৎ, কিয়ামত দিবসে তারা চাইবে, তাদের ঈমান গ্রহণ করে নেওয়া হোক, শাস্তি থেকে তাদের পরিত্রাণ হয়ে যাক। কিন্তু তাদের ও তাদের মনোবাঞ্ছার মাঝে পর্দা স্থাপন করে দেওয়া হবে। অর্থাৎ তাদের সেই মনোবাঞ্ছা রদ করা হবে।
- [2] অর্থাৎ, পূর্ববর্তী উম্মতের ঈমানও সেই সময় গ্রহণ করা হয়নি, যখন তারা শাস্তি স্বচক্ষে অবলোকন করার পর ঈমান এনেছিল।
- [3] সুতরাং বর্তমানে শান্তি অবলোকন করার পর তাদের ঈমান কিভাবে গ্রহণযোগ্য হতে পারে? ক্বাতাদা (রঃ) বলেন, 'সন্দেহ থেকে দূরে থাক। কারণ, যে ব্যক্তি সন্দেহ রাখা অবস্থায় ইন্তিকাল করবে, সে সেই অবস্থায় পুনরুত্থান করবে এবং যে ব্যক্তি প্রত্যয় রাখা অবস্থায় ইন্তিকাল করবে, সে কিয়ামতের দিন প্রত্যয় রাখা অবস্থায় পুনরুত্থান করবে।' (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3660

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন